ADI

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
(সরকারি মাধ্যমিক-১)
www.shed.gov.bd

নং-৩৭.০০.০০০০.০৭২.০৯.০০১.১১-১২২৭ | তারিখ: ২৩ অগ্রহায়ণ ১৪২৬ বঙ্গাব্দ / ০৮ ডিসেম্বর ২০১৯ খ্রিস্টাব্দ

বিষয় : ২০২০ শিক্ষাবর্ষে সরকারি মাধ্যমিক বিদ্যালয়ে ভর্তির বয়স সীমা নির্ধারণ সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২০২০ শিক্ষাবর্ষে সরকারি মাধ্যমিক বিদ্যালয়ে ভর্তির বয়স সীমা নির্ধারণের ক্ষেত্রে নিম্নবর্ণিত নির্দেশনা অনুসরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

(ক) সরকারি মাধ্যমিক বিদ্যালয়ে শিক্ষার্থী ভর্তি নীতিমালা ২০১৪ অনুযায়ী যে সকল শিক্ষার্থী ২০১৫ সালে ১ম শ্রেণীতে ভর্তি হয়েছে তাদের ক্ষেত্রে পরবর্তী শ্রেণীসমূহে বয়স নির্ধারণের জন্য ২০১৪ সালের নীতিমালা অনুসরণ করতে হবে।

(খ) পক্ষান্তরে, সরকারি মাধ্যমিক বিদ্যালয়ে শিক্ষার্থী ভর্তি নীতিমালা ২০১৫ অনুযায়ী যে সকল শিক্ষার্থী ২০১৬ সালে ১ম শ্রেণীতে ভর্তি হয়েছে অথবা ভবিষ্যতে ভর্তি হবে তাদের পরবর্তী শ্রেণীসমূহে বয়স গণনার ক্ষেত্রে ২০১৫ সালের নীতিমালা অনুসরণ করতে হবে।

০৮.১২.২০১৯
ড. মো. মোকছেদ আলী
উপসচিব
ফোন: ৯৫৪৫১৭৯

জেলা প্রশাসক..................(সকল)।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা।
www.dshe.gov.bd

স্মারক নম্বর : ৩এম-১০৩-সম/(অংশ-৬)/২০১৩/ ১৭৪২ | তারিখ : ১০/১২/২০১৯

অনুলিপি: সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)।

০১। উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা,ঢাকা/চট্টগ্রাম/খুলনা/রাজশাহী/বরিশাল/রংপুর/সিলেট/ময়মনসিংহ/কুমিল্লা অঞ্চল। (পত্রের মর্মানুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো)
০২। উপজেলা নির্বাহী অফিসার, (সকল)।
(পত্রের মর্মানুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো)
০৩। অধ্যক্ষ/প্রধান শিক্ষক/প্রধান শিক্ষিকা (সকল)
(পত্রের মর্মানুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো)
০৪। উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল)।
(পত্রের মর্মানুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো)
০৫। সংরক্ষণ নথি।

(মো. আমিনুল ইসলাম টুকু)
সহকারী পরিচালক (মাধ্যমিক-১)
☎৯৫৬১২৫৪।
e-mail: addshesecondary1@gmail.com

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
(সরকারি মাধ্যমিক-১)
www.shed.gov.bd

নং-৩৭.০০.০০০০.০৭১.০৯.০০১.১১-১২২৭

তারিখ: ২৩ অগ্রহায়ণ ১৪২৬ বঙ্গাব্দ
০৮ ডিসেম্বর ২০১৯ খ্রিস্টাব্দ

**বিষয় : ২০২০ শিক্ষাবর্ষে সরকারি মাধ্যমিক বিদ্যালয়ে ভর্তির বয়স সীমা নির্ধারণ সংক্রান্ত।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২০২০ শিক্ষাবর্ষে সরকারি মাধ্যমিক বিদ্যালয়ে ভর্তির বয়স সীমা নির্ধারণের ক্ষেত্রে নিম্নবর্ণিত নির্দেশনা অনুসরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো:

(ক) সরকারি মাধ্যমিক বিদ্যালয়ে শিক্ষার্থী ভর্তি নীতিমালা ২০১৪ অনুযায়ী যে সকল শিক্ষার্থী ২০১৫ সালে ১ম শ্রেণীতে ভর্তি হয়েছে তাদের ক্ষেত্রে পরবর্তী শ্রেণীসমূহে বয়স নির্ধারণের জন্য ২০১৪ সালের নীতিমালা অনুসরণ করতে হবে।

(খ) পক্ষান্তরে, সরকারি মাধ্যমিক বিদ্যালয়ে শিক্ষার্থী ভর্তি নীতিমালা ২০১৫ অনুযায়ী যে সকল শিক্ষার্থী ২০১৬ সালে ১ম শ্রেণীতে ভর্তি হয়েছে অথবা ভবিষ্যতে ভর্তি হবে তাদের পরবর্তী শ্রেণীসমূহে বয়স গণনার ক্ষেত্রে ২০১৫ সালের নীতিমালা অনুসরণ করতে হবে।

০৮.১২.২০১৯

ড. মো: মোকছেদ আলী
উপসচিব
ফোনঃ ৯৫৪৫৯৭৪

জেলা প্রশাসক....................(সকল)।

**অনুলিপি সদয় অবগতির জন্য :**

১. বিভাগীয় কমিশনার.............(সকল)।
২. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
৩. সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

# সরকারি মাধ্যমিক বিদ্যালয়ে শিক্ষার্থী ভর্তির নীতিমালা-২০১৫

সরকারি মাধ্যমিক বিদ্যালয়ে শিক্ষার্থী ভর্তির নীতিমালা-২০১৫ নিম্নরূপভাবে প্রণয়ন করা হলো :

**যে সকল শ্রেণিতে শিক্ষার্থী ভর্তি করা যাবে :** সংশ্লিষ্ট বিদ্যালয়ের এন্ট্রি শ্রেণিতে এবং আসন শূন্য থাকা সাপেক্ষে সাধারণভাবে ৯ম শ্রেণি পর্যন্ত শিক্ষার্থী ভর্তি করা যাবে।

২. **শিক্ষার্থীর বয়স :** ১ম শ্রেণিতে ভর্তির জন্য শিক্ষার্থীর বয়স শিক্ষাবর্ষের ১ জানুয়ারিতে ৬+ বছর হতে হবে। ভর্তির বয়সের ঊর্ধসীমা সংশ্লিষ্ট বিদ্যালয় নির্ধারণ করবে।

৩. **শিক্ষাবর্ষ :** শিক্ষাবর্ষ হবে ০১ জানুয়ারি থেকে ৩১ ডিসেম্বর পর্যন্ত।

৪. **ভর্তি কমিটি :** সরকারি মাধ্যমিক বিদ্যালয়সমূহে শিক্ষার্থী ভর্তির জন্য নিম্নরূপ কমিটি গঠিত হবে;

ক) **ঢাকা মহানগরী ভর্তি কমিটি :**

| | | |
|---|---|---|
| ১. | মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা | সভাপতি |
| ২. | চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা | সদস্য |
| ৩. | পরিচালক (মাধ্যমিক), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা | সদস্য |
| ৪. | উপ-সচিব, অধিশাখা-১০, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা | সদস্য |
| ৫. | জেলা প্রশাসক, ঢাকার একজন প্রতিনিধি (অতিরিক্ত জেলা প্রশাসক পর্যায়ের) | সদস্য |
| ৬. | উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ঢাকা অঞ্চল, ঢাকা | সদস্য |
| ৭. | সহকারী পরিচালক (মাধ্যমিক-১), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা | সদস্য |
| ৮. | সহকারী পরিচালক (মাধ্যমিক-২), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা | সদস্য |
| ৯. | বিদ্যালয় পরিদর্শক (ঢাকা অঞ্চল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ঢাকা অঞ্চল, ঢাকা | সদস্য |
| ১০. | বিদ্যালয় পরিদর্শিকা (ঢাকা অঞ্চল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ঢাকা অঞ্চল, ঢাকা | সদস্য |
| ১১. | ঢাকা মহানগরীর সরকারি মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক/প্রধান শিক্ষিকাগণ | সদস্য |
| ১২. | জেলা শিক্ষা অফিসার, ঢাকা | সদস্য |
| ১৩. | উপপরিচালক (মাধ্যমিক), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা | সদস্য-সচিব |

খ) **জেলা পর্যায়ে ভর্তি কমিটি :**

| | | |
|---|---|---|
| ১. | জেলা প্রশাসক | সভাপতি |
| ২. | সিভিল সার্জন | সদস্য |
| ৩. | অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা) | সদস্য |
| ৪. | নির্বাহী প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর সংশ্লিষ্ট জেলা | সদস্য |
| ৫. | জেলা সদরের সবচেয়ে পুরনো সরকারি কলেজের অধ্যক্ষ বা তাঁর মনোনীত প্রতিনিধি (সহকারী অধ্যাপক পর্যায়ের নীচে নয়) | সদস্য |
| ৬. | আঞ্চলিক উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর (সংশ্লিষ্ট জেলার ক্ষেত্রে) | সদস্য |
| ৭. | জেলা শিক্ষা অফিসার | সদস্য |
| ৮. | জেলা সদরের সরকারি মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক/প্রধান শিক্ষিকাগণ | সদস্য |
| ৯. | জেলা সদরের সরকারি মাধ্যমিক বিদ্যালয়ের জ্যেষ্ঠতম প্রধান শিক্ষক/শিক্ষিকাগণ | সদস্য-সচিব |

গ) **উপজেলা পর্যায়ে ভর্তি কমিটি :**

| | | |
|---|---|---|
| ১. | উপজেলা নির্বাহী কর্মকর্তা | সভাপতি |
| ২. | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা | সদস্য |
| ৩. | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার | সদস্য |
| ৪. | উপজেলা সদরের সরকারি মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক/প্রধান শিক্ষিকাগণ | সদস্য |
| ৫. | উপজেলা সদরের সরকারি মাধ্যমিক বিদ্যালয়ের জ্যেষ্ঠতম প্রধান শিক্ষক/প্রধান শিক্ষিকা | সদস্য-সচিব |

৫. **ভর্তি পরীক্ষার তারিখ ও সময় নির্ধারণ :** শিক্ষাবর্ষ শুরুর পূর্বে কমিটি যুক্তিসঙ্গত সময়ের মধ্যে সভা আহ্বান করে ভর্তি পরীক্ষার তারিখ ও সময় নির্ধারণ করবে।

৬. **ভর্তি পরীক্ষার পদ্ধতি :**

(ক) ১ম শ্রেণিতে ভর্তির জন্য আবশ্যিকভাবে লটারির মাধমে শিক্ষার্থী নির্বাচন করতে হবে। ভর্তি কমিটির সদস্যদের উপস্থিতিতে লটারির কার্যক্রম সম্পন্ন করতে হবে। লটারি কার্যক্রমে স্বচ্ছতা নিশ্চিত করতে হবে। লটারির মাধ্যমে নির্বাচিত শিক্ষার্থীর তালিকা প্রস্তুত করার পাশাপাশি শূন্য আসনের সমান সংখ্যক অপেক্ষমান তালিকাও প্রস্তুত রাখতে হবে। ভর্তি কমিটি কর্তৃক নির্ধারিত তারিখে নির্বাচিত শিক্ষার্থী ভর্তি না হলে অপেক্ষমান তালিকা থেকে পর্যায়ক্রমে ভর্তির ব্যবস্থা গ্রহণ করতে হবে।

(খ) ২য়-৮ম শ্রেণির শূন্য আসনে লিখিত পরীক্ষার মাধ্যমে মেধাক্রম অনুসারে ভর্তির জন্য শিক্ষার্থী বাছাই প্রক্রিয়া সম্পন্ন করতে হবে। নবম শ্রেণীর ক্ষেত্রে জেএসসি/জেডিসি পরীক্ষার ফলাফলের ভিত্তিতে সংশ্লিষ্ট বোর্ডের প্রস্তুতকৃত মেধাক্রম অনুসারে নিজ বিদ্যালয়ে শিক্ষার্থী ভর্তির পর অবশিষ্ট শূন্য আসনে অন্যান্য বিদ্যালয়ের শিক্ষার্থী ভর্তির জন্য কমিটি কর্তৃক বাছাই করতে হবে। অবশ্য গ্রুপ গঠনের ক্ষেত্রে প্রতিষ্ঠান তার নিজস্ব পদ্ধতি অনুসরণ করতে পারবে।

(গ) ভর্তি পরীক্ষার সময় ও মান বন্টন :

১) ২য়-৩য় শ্রেণি পর্যন্ত পূর্ণমান-৫০; তন্মধ্যে বাংলা-১৫, ইংরেজি-১৫ ও গণিতে-২০ নম্বর থাকবে। ভর্তি পরীক্ষার সময় হবে ১ (এক) ঘন্টা।

২) ৪র্থ-৮ম শ্রেণি পর্যন্ত পূর্ণমান-১০০; তন্মধ্যে বাংলা-৩০, ইংরেজি-৩০ ও গণিতে-৪০ নম্বর থাকবে। ভর্তি পরীক্ষার সময় হবে ২ (দুই) ঘন্টা।

(ঘ) ভর্তি কমিটির সিদ্ধান্ত অনুযায়ী প্রতিষ্ঠান প্রধানগণ নিজ নিজ প্রতিষ্ঠানে শূন্য আসন সংখ্যা উল্লেখপূর্বক ভর্তি বিজ্ঞপ্তি প্রচার করবেন। এ ছাড়া ভর্তি কমিটি জাতীয়/স্থানীয় পত্রিকায়/ওয়েবসাইট ইত্যাদিতে বিজ্ঞপ্তি প্রকাশের মাধ্যমে ব্যাপক প্রচারের ব্যবস্থা নিবে।

৭. **বিদ্যালয়সমূহকে ক্লাস্টারে বিভক্তকরণ :** বিদ্যালয়সমূহের অবস্থান, শিক্ষার্থীদের সুবিধা/অসুবিধা বিবেচনা করে পরীক্ষা কমিটি বিদ্যালয়সমূহকে বিভিন্ন ক্লাস্টারে বিভক্ত করতে পারবে। শিক্ষার্থীরা আবেদন ফরমে পছন্দক্রম উল্লেখ করে দিবে। আবেদনকারী কর্তৃক একই প্রতিষ্ঠানে একই শ্রেণিতে একাধিক আবেদনপত্র জমা দিলে তা বাতিল বলে গণ্য হবে।

৮. **ভর্তির আবেদন ফরম :**

(১) আগামী ২০১৬ শিক্ষাবর্ষে সকল মহানগরী, বিভাগীয় শহর ও জেলা সদরের সকল সরকারি মাধ্যমিক বিদ্যালয়ে ভর্তির আবেদন গ্রহণ, আবেদনের ফি গ্রহণ এবং ফলাফল প্রক্রিয়াকরণ ও প্রকাশ অনলাইনে করতে হবে। ২০১৭ শিক্ষাবর্ষ হতে দেশের সকল সরকারি মাধ্যমিক বিদ্যালয় অনলাইন পদ্ধতিতে ভর্তি কার্যক্রম পরিচালনা করবে।

(২) মহানগরী, বিভাগীয় শহর ও জেলা সদর ব্যতীত অন্যান্য সকল বিদ্যালয়ের ক্ষেত্রে নিম্নরূপ পদ্ধতি অনুসরণ করতে হবেঃ

(ক) ভর্তির আবেদন ফরম বিদ্যালয় অফিসে পাওয়া যাবে এবং মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর/জেলা প্রশাসক/সংশ্লিষ্ট বিদ্যালয়ের ওয়েবসাইট (যদি থাকে) থেকে ডাউনলোড করা যাবে।

(খ) ভর্তির আবেদন ফরম বিতরণ ও জমার জন্য বিজ্ঞপ্তিতে সুস্পষ্ট তারিখ ও সময় উল্লেখ থাকতে হবে। তবে আবেদন ফরম বিতরণের জন্য ন্যূনতম ৭ (সাত) কার্যদিবস সময় দিতে হবে।

(গ) আবেদন ফরমের নির্ধারিত স্থানে পরীক্ষার্থীর ২(দুই) কপি পাসপোর্ট সাইজের ছবি আঠা দিয়ে সংযুক্ত করতে হবে।

(ঘ) আবেদন ফরম জমা দেয়ার সময় ফরমের নিচের অংশ রোল নম্বর দিয়ে প্রবেশপত্র হিসেবে শিক্ষার্থীকে দেয়া হবে এবং উপরের অংশ কমপক্ষে এক বছর বিদ্যালয়ে সংরক্ষণ করতে হবে।

(৩) ৮(১) উপানুচ্ছেদে বর্ণিত এলাকার বাইরের কোন বিদ্যালয় ভর্তির আবেদন ফরম জমা, পূরণ, আবেদনের ফি গ্রহণ, ফলাফলের কাজ অনলাইনে সম্পাদনে সক্ষম ও ইচ্ছুক হলে ভর্তি কমিটির সিদ্ধান্তক্রমে তা করতে পারবে।

৯. **শূন্য আসন নিরূপণ :** বার্ষিক পরীক্ষার পরপরই প্রতিষ্ঠান প্রধানগণ বিভিন্ন শ্রেণির শূন্য আসনের চূড়ান্ত সংখ্যা নির্ধারণ করবেন এবং নির্ধারিত ছক পূরণপূর্বক ভর্তি কমিটির নিকট প্রেরণ করবেন।

১০. **ভর্তির আবেদন ফরমের মূল্য ও ভর্তি ফি :** ভর্তির আবেদন ফরমের জন্য সর্বোচ্চ ১৫০/- (একশত পঞ্চাশ) টাকা গ্রহণ করা যাবে। সেশন চার্জসহ ভর্তি ফি শিক্ষা মন্ত্রণালয়ের পরিপত্র নং শিম/অডিট সেল/২৪৩/২০১১/৪৭৫ তারিখ :০৬/০৭/২০১৪ অনুযায়ী সর্বোচ্চ আদায় করা যাবে।

১১. আবেদন ফরম জমাদানের সময় শেষ হওয়ার সাথে সাথে বিদ্যালয় কর্তৃক শ্রেণিভিত্তিক বিক্রয় ও জমাকৃত আবেদন ফরমের সংখ্যা নির্ধারিত ছকে কমিটির নিকট প্রেরণ করতে হবে।

১২. **প্রশ্নপত্র প্রণয়ন :** ভর্তি কমিটি যথাসময়ে ভর্তি পরীক্ষার প্রশ্নপত্র প্রণয়নের ব্যবস্থা গ্রহণ করবে। প্রশ্নপত্র অবশ্যই মানসম্মত ও শ্রেণি উপযোগী হতে হবে। প্রশ্নপত্র প্রণয়ন ও মডারেশনের ক্ষেত্রে সর্বোচ্চ গোপনীয়তা ও নিরাপত্তা বিধান সুনিশ্চিত করতে হবে।

১৩. **পরীক্ষা গ্রহণ :** পরীক্ষার হলে সুষ্ঠু আসন বিন্যাস ও পর্যাপ্ত আলো-বাতাসের ব্যবস্থা থাকতে হবে। শান্তিপূর্ণভাবে পরীক্ষা গ্রহণের জন্য কমিটি/প্রধান শিক্ষক পরীক্ষা কেন্দ্রের পার্শ্ববর্তী এলাকায় যানজট নিরসনসহ আইন-শৃংখলা নিয়ন্ত্রণের লক্ষ্যে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের বিশেষ সহায়তা নিতে পারবেন। পরীক্ষা কমিটি পরীক্ষা শুরুর পূর্বে সরেজমিনে পরীক্ষা কেন্দ্রসমূহ পরিদর্শন করবে। যথাসম্ভব সাপ্তাহিক ছুটির দিনে পরীক্ষা গ্রহণের ব্যবস্থা করতে হবে। সম্ভব হলে একই দিনে পরীক্ষা গ্রহণ করতে হবে।

১৪. **উত্তরপত্র সংগ্রহ ও মূল্যায়ন :**

(ক) পরীক্ষা শেষে উত্তরপত্র রোল নম্বরের সিরিয়াল না করে শ্রেণিভিত্তিক সর্বোচ্চ ১০০টি করে বান্ডেল করতে হবে। ১০০টি করে বান্ডেল করার পর উত্তরপত্র অবশিষ্ট থাকলে তা আলাদা বান্ডেল করতে হবে। শ্রেণিভিত্তিক সবগুলো বান্ডেল সিলগালা করে বিবরণীসহ মূলকেন্দ্রে দ্রুত জমা দিতে হবে।

(খ) **কোড নম্বর প্রদান :** কমিটি উত্তরপত্রে কোড নম্বর প্রদানের ব্যবস্থা গ্রহণ করবে। কোড নম্বর প্রদান করার ক্ষেত্রে পরীক্ষা-সংশ্লিষ্ট বিদ্যালয়ের কোন শিক্ষককে দায়িত্ব দেয়া যাবে না। কোড নম্বর প্রদান শেষে কোড স্লিপ উত্তরপত্র থেকে আলাদা করে বিদ্যালয় ও শ্রেণিভিত্তিক প্যাকেট করে সিলগালা করতে হবে। সিলগালাকৃত কোড স্লিপ কমিটির হেফাজতে থাকবে যা শুধু ডিকোডিং এর সময় খোলা হবে।

(গ) কোড নম্বর প্রদান করা শেষ হলে শ্রেণিভিত্তিক প্রতি গ্রুপ পরীক্ষকের জন্য উত্তরপত্র বান্ডেল করতে হবে। উত্তরপত্র মূল্যায়নের জন্য প্রয়োজনীয় উপকরণসহ প্রশ্নপত্র ও সম্ভাব্য সমাধান প্রস্তুত রাখতে হবে।

(ঘ) প্রত্যেক ক্লাস্টারের মূল কেন্দ্রে উত্তরপত্র মূল্যায়ন করা হবে। পরীক্ষা কমিটির পরামর্শের আলোকে কেন্দ্র প্রধান বিদ্যালয় এ ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

(ঙ) এক বিদ্যালয়/ক্লাস্টারের উত্তরপত্র অন্য বিদ্যালয়/ক্লাস্টারের শিক্ষকগণ মূল্যায়ন করবেন। এ ক্ষেত্রে ক্লাস্টারের পরীক্ষার্থীর সংখ্যার ভিত্তিতে প্রয়োজনীয় সংখ্যক পরীক্ষকের তালিকা কমিটি কর্তৃক পূর্বেই প্রস্তুত করতে হবে এবং পরীক্ষকদের উপস্থিতি নিশ্চিত করতে হবে।

(চ) প্রতি গ্রুপ পরীক্ষককে টেবুলেশন শিট সরবরাহ করা হবে। গ্রুপের নিরীক্ষক কোড নম্বরের ভিত্তিতে কোন প্রকার উপরি লিখন বা ঘষামাজা না করে সতর্কতার সাথে টেবুলেশন শিট তৈরি করবেন এবং গ্রুপের অন্যান্য পরীক্ষক কর্তৃক যাচাইপূর্বক উত্তরপত্রসহ কমিটির নিকট জমা দিবে।

১৫. **ফলাফল তৈরি :**

(ক) উত্তরপত্র মূল্যায়ন শেষে কোড নম্বরের ভিত্তিতে বিদ্যালয়, শ্রেণি ও শিফট ভিত্তিক পরীক্ষার্থীর টেবুলেশন শিট কম্পিউটারে প্রস্তুত করতে হবে। কম্পিউটারে প্রস্তুতকৃত টেবুলেশন শিট পরীক্ষকদের টেবুলেশন শিটের সাথে যাচাই করে কোড নম্বরের ভিত্তিতে একটি পূর্ণাঙ্গ মেধা তালিকা তৈরি করতে হবে। উক্ত তালিকা থেকে শূন্য আসনের ভিত্তিতে ভর্তির জন্য নির্বাচিত ও অপেক্ষমান তালিকার কোড নম্বর চিহ্নিত করতে হবে।

(খ) কমিটি সিলগালাকৃত কোড স্লিপের প্যাকেট খুলবেন এবং ভর্তির জন্য নির্বাচিত ও অপেক্ষমান তালিকা তৈরি করার জন্য চিহ্নিত কোড নম্বর সম্বলিত কোড স্লিপগুলো বের করে আলাদা করার ব্যবস্থা করবেন। বাছাইকৃত কোড স্লিপগুলো থেকে প্রাপ্ত নম্বরের মেধাক্রমনুসারে চুড়ান্তভাবে ভর্তির জন্য নির্বাচিত ও অপেক্ষমান তালিকা তৈরি করা হবে। নির্বাচিত ও অপেক্ষমান তালিকায় কমিটির সভাপতি, সদস্য-সচিব এবং সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধান যৌথভাবে স্বাক্ষর করবেন।

(গ) শিক্ষার্থীদের মেধা তালিকা ও অপেক্ষমান তালিকা মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর/জেলা প্রশাসক/ বিদ্যালয়সমূহের ওয়েবসাইটে (যদি থাকে) একই সঙ্গে প্রকাশ করা হবে। উক্ত তালিকা প্রধান শিক্ষক/ শিক্ষিকাগণ বিদ্যালয়ে প্রকাশ করবেন এবং কমিটি কর্তৃক নির্ধারিত সময়ের মধ্যে শিক্ষা প্রতিষ্ঠান প্রধান ভর্তি কার্যক্রম সম্পন্ন করবেন। ভর্তি কমিটির অনুমোদন ব্যতিত শিক্ষা প্রতিষ্ঠান প্রধান বছরের অন্যান্য সময়েও একক সিদ্ধান্তে কোন শিক্ষার্থী ভর্তি করতে পারবেন না। এর ব্যত্যয় দন্ডনীয় অপরাধ হিসেবে গণ্য হবে।

(ঘ) অনলাইন ভর্তি পদ্ধতির আওতাভুক্ত বিদ্যালয়গুলোর ক্ষেত্রে কারিগরী সহায়তা প্রদানকারী প্রতিষ্ঠান কর্তৃক নির্ধারিত প্রক্রিয়া অনুসরণ করে ভর্তি পরীক্ষার উত্তরপত্র মূল্যায়নপূর্বক নম্বর আপলোড করতে হবে। এ বিষয়ে কারিগরী সহায়তা প্রদানকারী প্রতিষ্ঠানের সাথে আলোচনাক্রমে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর অনুসৃত প্রক্রিয়া নির্ধারণ করে তা সংশ্লিষ্ট সকলকে অবহিত করবে।

১৬. কোড নম্বর প্রদান থেকে শুরু করে ফলাফল প্রকাশ করা পর্যন্ত ভর্তি পরীক্ষা সংক্রান্ত সকল কাগজপত্র কমিটি এক বছর পর্যন্ত সংরক্ষণ করবে।

১৭. ৬ষ্ঠ শ্রেণিতে ভর্তির ক্ষেত্রে বিদ্যালয়ের ৬ষ্ঠ শ্রেণির মোট আসনের ১০% কোটা সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ৫ম শ্রেণি উত্তীর্ণ শিক্ষার্থীদের জন্য সংরক্ষিত থাকবে।

১৮. ঢাকা মহানগরীর সরকারি বিদ্যালয়সংলগ্ন catchment area-র শিক্ষার্থীদের জন্য ৪০% কোটা সংরক্ষণ করতে হবে। অবশিষ্ট ৬০% আসন সকলের জন্য উন্মুক্ত থাকবে। মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর ঢাকা মহানগরীর সকল সরকারি বিদ্যালয়ের আওতাধীন catchment area নির্ধারণ করে সংশ্লিষ্ট সকলকে অবহিত করবে।

১৯. মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা এবং পুত্র-কন্যা পাওয়া না গেলে পুত্র-কন্যার পুত্র-কন্যাদের ভর্তির জন্য ৫% কোটা সংরক্ষিত থাকবে। মুক্তিযোদ্ধা কোটা নির্ধারণের ক্ষেত্রে সংশ্লিষ্ট প্রমাণপত্রের সত্যায়িত কপি আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে এবং ভর্তির সময় মূল কপি প্রদর্শন করতে হবে। এ ক্ষেত্রে সংশ্লিষ্ট ব্যক্তির মুক্তিযোদ্ধা সনদ যথাযথভাবে যাচাই করে ভর্তি কার্যক্রম গ্রহণ করতে হবে।

২০. প্রতিবন্ধি শিক্ষার্থীদের শিক্ষার মূল ধারায় সম্পৃক্ত করার লক্ষ্যে ন্যূনতম যোগ্যতা থাকার শর্তে ভর্তির ক্ষেত্রে ২% কোটা সংরক্ষিত থাকবে। তবে এ ক্ষেত্রে প্রতিবন্ধিতার ধরণ উল্লেখ করতে হবে এবং প্রমাণস্বরূপ যথাযথ কর্তৃপক্ষের প্রত্যয়ন দাখিল করতে হবে।

২১. শিক্ষা মন্ত্রণালয়ে কর্মরত কর্মকর্তা-কর্মচারীদের সন্তান এবং সরকারি মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষক/শিক্ষিকা/ কর্মচারীদের সন্তানদের ক্ষেত্রে কেবল সংশ্লিষ্ট কর্মস্থলে অবস্থিত শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তির জন্য ন্যূনতম যোগ্যতা থাকা সাপেক্ষে ২% কোটা সংরক্ষিত থাকবে। তবে এক্ষেত্রে আবেদনপত্রের সাথে শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক অনুবিভাগের প্রত্যয়নপত্র দাখিল করতে হবে। উক্ত ২% কোটায় ভর্তিপ্রার্থী না পাওয়া গেলে সাধারণ প্রার্থীদের মধ্য হতে যথানিয়মে তা পূরণ করতে হবে, কোনক্রমেই আসন শূন্য রাখা যাবে না।

২২. ১ম শ্রেণিতে প্রার্থীর সংখ্যা অধিক হলে লটারির মাধ্যমে চূড়ান্ত বাছাই করতে হবে। ২য়-৯ম শ্রেণিতে প্রার্থীর সংখ্যা অধিক হলে মেধার ভিত্তিতে চূড়ান্ত বাছাই করতে হবে।

২৩। কোন প্রতিষ্ঠানে আবেদনকারী শিক্ষার্থীর সহোদর/সহোদরা বা যমজ ভাই/বোন যদি পূর্ব থেকে অধ্যয়নরত থাকে তবে আসন শূন্য থাকা ও প্রয়োজনীয় যোগ্যতা সাপেক্ষে ভর্তির ক্ষেত্রে অগ্রাধিকার পাবে। তবে এ সুবিধা কোন দম্পত্তির সর্বোচ্চ ০২(দুই) সন্তানের ক্ষেত্রে প্রযোজ্য হবে। ন্যূনতম যোগ্যতা বলতে সকল ক্ষেত্রে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের ভর্তি পরীক্ষার পাশ নম্বর বুঝাবে।

২৪. শিক্ষা বোর্ডের আওতাধীন রেজিস্ট্রেশনধারী শিক্ষার্থী ভর্তি পরীক্ষায় নির্বাচিত হলে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধান প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য শিক্ষা বোর্ডকে অবহিত করবে। এ ক্ষেত্রে শিক্ষা বোর্ড নতুন ভর্তিকৃত শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন সংক্রান্ত তথ্যাদি হালনাগাদ করবে।

২৫. **ভর্তি পরীক্ষার জন্য ব্যয় নির্বাহ :**

(ক) ভর্তির আবেদন ফি বাবদ বিদ্যালয় প্রাপ্ত অর্থের ৫০% অর্থ দিয়ে বিদ্যালয়ে ভর্তি পরীক্ষা সংক্রান্ত যাবতীয় খরচ যেমন- বিজ্ঞপ্তি প্রচার, আবেদন ফরম প্রস্তুত ও উত্তরপত্র মুদ্রণ, যাতায়াত, ফরম বিতরণ, আসন বিন্যাস, পরীক্ষা গ্রহণ, আপ্যায়নসহ বিদ্যালয়ে কর্মরত সকলের সম্মানী/পারিশ্রমিক, বিবিধ খরচ ইত্যাদির জন্য ব্যয় নির্বাহ করা যাবে।

(খ) অবশিষ্ট ৫০% অর্থ ভর্তি কমিটির নিকট জমা দিতে হবে। এ অর্থ থেকে কমিটি ভর্তি সংক্রান্ত সভার খরচ, প্রশ্নপত্র প্রণয়ন, মডারেশন ও মুদ্রণ, প্রশ্নপত্র ভেন্যুতে প্রেরণ, কোড নম্বর প্রদান, উত্তরপত্র মূল্যায়নের সম্মানী ও আপ্যায়ন, ডিকোডিংসহ ফলাফল তৈরি, যাতায়াত, আপ্যায়ন, কমিটির সদস্য ও সংশ্লিষ্ট সকলের সম্মানী/পারিশ্রমিক, বিবিধ খরচ ইত্যাদির জন্য ব্যয় নির্বাহ করা যাবে।

(মো.নজরুল ইসলাম খান)
সচিব

নং ৩৭.০০.০০০০.০৭১.০৯.০০১.১১- তারিখ ঃ কার্তিক ১৪২২ বঙ্গাব্দ / অক্টোবর ২০১৫ খ্রিস্টাব্দ

**অনুলিপি: সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে-**

১. সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. অতিরিক্ত সচিব (প্রঃ ও অর্থ/উন্নয়ন/কলেজ/বিশ্ববিদ্যালয়/কারিগরি ও মাদরাসা/), শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা
৪. মহাপরিচালক, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, মিরপুর, ঢাকা
৫. বিভাগীয় কমিশনার (সকল) ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর বিভাগ।
৬. যুগ্ম-সচিব (মাধ্যমিক/ অডিট ও আইন), শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৭. প্রধান প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা
৮. চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা/রাজশাহী/যশোর/সিলেট/বরিশাল/কুমিল্লা/চট্টগ্রাম/ দিনাজপুর
৯. চেয়ারম্যান, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা
১০. চেয়ারম্যান, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, আগারগাঁও, ঢাকা
১১. জেলা প্রশাসক (সকল) ....................................
১২. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
১৩. সচিবের একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
১৪. সিনিয়র সিস্টেম এনালিষ্ট, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (তাঁকে নীতিমালাটি শিক্ষা মন্ত্রণালয়ের ওয়েবসাইটে আপলোড করার অনুরোধ করা হলো)।
১৫. সিনিয়র তথ্য কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
১৬. উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/কুমিল্লা/ময়মনসিংহ/বরিশাল/রংপুর/সিলেট অঞ্চল।
১৭. জেলা শিক্ষা অফিসার (সকল) ...............................
১৮. প্রধান শিক্ষক/প্রধান শিক্ষিকা .................................

(মোঃ মুহিবুর রহমান)
উপসচিব
ফোন ঃ ৯৫৭৬৭৮০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

# সরকারি মাধ্যমিক বিদ্যালয়ে শিক্ষার্থী ভর্তির নীতিমালা-২০১৪

সরকারি মাধ্যমিক বিদ্যালয়ে শিক্ষার্থী ভর্তির নীতিমালা-২০১৪ নিম্নরূপভাবে প্রণয়ন করা হলো :

**যে সকল শ্রেণিতে শিক্ষার্থী ভর্তি করা যাবে :** সংশ্লিষ্ট বিদ্যালয়ের এন্ট্রি শ্রেণিতে এবং আসন শূন্য থাকা সাপেক্ষে সাধারণভাবে ৯ম শ্রেণি পর্যন্ত শিক্ষার্থী ভর্তি করা যাবে।

২. **শিক্ষার্থীর বয়স :** ১ম শ্রেণিতে ভর্তির জন্য শিক্ষার্থীর বয়স শিক্ষাবর্ষের ১ জানুয়ারিতে ৫ (পাঁচ) থেকে ৭ (সাত) বছর বয়সের মধ্যে হতে হবে। শিক্ষার্থীর বয়স নির্ধারণের জন্য ভর্তির আবেদন ফরমের সাথে জন্ম নিবন্ধনের সত্যায়িত কপি জমা দিতে হবে। তবে, আগামী ২০১৬ সাল থেকে জাতীয় শিক্ষানীতি-২০১০ অনুযায়ী প্রথম শ্রেণিতে ভর্তির জন্য শিক্ষার্থীর বয়স ৬$^{+}$ বছর হতে হবে।

৩. **শিক্ষাবর্ষ :** শিক্ষাবর্ষ হবে ০১ জানুয়ারি থেকে ৩১ ডিসেম্বর পর্যন্ত।

৪. **ভর্তি কমিটি :** সরকারি মাধ্যমিক বিদ্যালয়সমূহে শিক্ষার্থী ভর্তির জন্য নিম্নরূপ কমিটি গঠিত হবে;

**ক) ঢাকা মহানগরী ভর্তি কমিটি :**

| | | |
|---|---|---|
| ১. | মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা | সভাপতি |
| ২. | চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা | সদস্য |
| ৩. | পরিচালক (মাধ্যমিক), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা | সদস্য |
| ৪. | উপ-সচিব, অধিশাখা-১০, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা | সদস্য |
| ৫. | জেলা প্রশাসক, ঢাকার একজন প্রতিনিধি (অতিরিক্ত জেলা প্রশাসক পর্যায়ের) | সদস্য |
| ৬. | উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ঢাকা অঞ্চল, ঢাকা | সদস্য |
| ৭. | সহকারী পরিচালক (মাধ্যমিক-১), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা | সদস্য |
| ৮. | সহকারী পরিচালক (মাধ্যমিক-২), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা | সদস্য |
| ৯. | বিদ্যালয় পরিদর্শক (ঢাকা অঞ্চল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ঢাকা অঞ্চল, ঢাকা | সদস্য |
| ১০. | বিদ্যালয় পরিদর্শিকা (ঢাকা অঞ্চল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ঢাকা অঞ্চল, ঢাকা | সদস্য |
| ১১. | ঢাকা মহানগরীর সরকারি মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক/প্রধান শিক্ষিকাগণ | সদস্য |
| ১২. | জেলা শিক্ষা অফিসার, ঢাকা | সদস্য |
| ১৩. | উপপরিচালক (মাধ্যমিক), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা | সদস্য-সচিব |

**খ) জেলা পর্যায়ে ভর্তি কমিটি :**

| | | |
|---|---|---|
| ১. | জেলা প্রশাসক | সভাপতি |
| ২. | সিভিল সার্জন | সদস্য |
| ৩. | অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা) | সদস্য |
| ৪. | নির্বাহী প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর সংশ্লিষ্ট জেলা | সদস্য |
| ৫. | জেলা সদরের সবচেয়ে পুরনো সরকারি কলেজের অধ্যক্ষ বা তাঁর মনোনীত প্রতিনিধি (সহকারী অধ্যাপক পর্যায়ের নীচে নয়) | সদস্য |
| ৬. | আঞ্চলিক উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর (সংশ্লিষ্ট জেলার ক্ষেত্রে) | সদস্য |
| ৭. | জেলা শিক্ষা অফিসার | সদস্য |
| ৮. | জেলা সদরের সরকারি মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক/প্রধান শিক্ষিকাগণ | সদস্য |
| ৯. | জেলা সদরের সরকারি মাধ্যমিক বিদ্যালয়ের জ্যেষ্ঠতম প্রধান শিক্ষক/শিক্ষিকাগণ | সদস্য-সচিব |

**গ) উপজেলা পর্যায়ে ভর্তি কমিটি :**

| | | |
|---|---|---|
| ১. | উপজেলা নির্বাহী কর্মকর্তা | সভাপতি |
| ২. | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা | সদস্য |
| ৩. | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার | সদস্য |
| ৪. | উপজেলা সদরের সরকারি মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক/প্রধান শিক্ষিকাগণ | সদস্য |
| ৫. | উপজেলা সদরের সরকারি মাধ্যমিক বিদ্যালয়ের জ্যেষ্ঠতম প্রধান শিক্ষক/প্রধান শিক্ষিকা | সদস্য-সচিব |

৫. **ভর্তি পরীক্ষার তারিখ ও সময় নির্ধারণ :** শিক্ষাবর্ষ শুরুর পূর্বে কমিটি যুক্তিসঙ্গত সময়ের মধ্যে সভা আহ্বান করে ভর্তি পরীক্ষার তারিখ ও সময় নির্ধারণ করবে।

৬. **ভর্তি পরীক্ষার পদ্ধতি :**

(ক) ১ম শ্রেণিতে ভর্তির জন্য আবশ্যিকভাবে লটারির মাধমে শিক্ষার্থী নির্বাচন করতে হবে। ভর্তি কমিটির সদস্যদের উপস্থিতিতে লটারির কার্যক্রম সম্পন্ন করতে হবে। লটারি কার্যক্রমে স্বচ্ছতা নিশ্চিত করতে হবে। লটারির মাধ্যমে নির্বাচিত শিক্ষার্থীর তালিকা প্রস্তুত করার পাশাপাশি শূন্য আসনের সমান সংখ্যক অপেক্ষমান তালিকাও প্রস্তুত রাখতে হবে। ভর্তি কমিটি কর্তৃক নির্ধারিত তারিখে নির্বাচিত শিক্ষার্থী ভর্তি না হলে অপেক্ষমান তালিকা থেকে পর্যায়ক্রমে ভর্তির ব্যবস্থা গ্রহণ করতে হবে।

(খ) ২য়-৮ম শ্রেণির শূন্য আসনে লিখিত পরীক্ষার মাধ্যমে মেধাক্রম অনুসারে ভর্তির জন্য শিক্ষার্থী বাছাই প্রক্রিয়া সম্পন্ন করতে হবে। নবম শ্রেণীর ক্ষেত্রে জেএসসি/জেডিসি পরীক্ষার ফলাফলের ভিত্তিতে সংশ্লিষ্ট বোর্ডের প্রস্তুতকৃত মেধাক্রম অনুসারে নিজ বিদ্যালয়ে শিক্ষার্থী ভর্তির পর অবশিষ্ট শূন্য আসনে অন্যান্য বিদ্যালয়ের শিক্ষার্থী ভর্তির জন্য কমিটি কর্তৃক বাছাই করতে হবে। অবশ্য গ্রুপ গঠনের ক্ষেত্রে প্রতিষ্ঠান তার নিজস্ব পদ্ধতি অনুসরণ করতে পারবে।

(গ) ভর্তি পরীক্ষার সময় ও মান বন্টন :

১) ২য়-৩য় শ্রেণি পর্যন্ত পূর্ণমান-৫০; তন্মধ্যে বাংলা-১৫, ইংরেজি-১৫ ও গণিতে-২০ নম্বর থাকবে। ভর্তি পরীক্ষার সময় হবে ১ (এক) ঘন্টা।

২) ৪র্থ-৮ম শ্রেণি পর্যন্ত পূর্ণমান-১০০; তন্মধ্যে বাংলা-৩০, ইংরেজি-৩০ ও গণিতে-৪০ নম্বর থাকবে। ভর্তি পরীক্ষার সময় হবে ২ (দুই) ঘন্টা।

(ঘ) ভর্তি কমিটির সিদ্ধান্ত অনুযায়ী প্রতিষ্ঠান প্রধানগণ নিজ নিজ প্রতিষ্ঠানে শূন্য আসন সংখ্যা উল্লেখপূর্বক ভর্তি বিজ্ঞপ্তি প্রচার করবেন। এ ছাড়া ভর্তি কমিটি জাতীয়/স্থানীয় পত্রিকায়/ওয়েবসাইট ইত্যাদিতে বিজ্ঞপ্তি প্রকাশের মাধ্যমে ব্যাপক প্রচারের ব্যবস্থা নিবে।

৭. **বিদ্যালয়সমূহকে ক্লাস্টারে বিভক্তকরণ :** বিদ্যালয়সমূহের অবস্থান, শিক্ষার্থীদের সুবিধা/অসুবিধা বিবেচনা করে পরীক্ষা কমিটি বিদ্যালয়সমূহকে বিভিন্ন ক্লাস্টারে বিভক্ত করতে পারবে। শিক্ষার্থীরা আবেদন ফরমে পছন্দক্রম উল্লেখ করে দিবে। আবেদনকারী কর্তৃক একই প্রতিষ্ঠানে একই শ্রেণিতে একাধিক আবেদনপত্র জমা দিলে তা বাতিল বলে গণ্য হবে।

৮. **ভর্তির আবেদন ফরম :**

(ক) ভর্তির আবেদন ফরম বিদ্যালয় অফিসে পাওয়া যাবে এবং মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর/জেলা প্রশাসক/সংশ্লিষ্ট বিদ্যালয়ের ওয়েবসাইট (যদি থাকে) থেকে ডাউনলোড করা যাবে।

(খ) ভর্তির আবেদন ফরম বিতরণ ও জমার জন্য বিজ্ঞপ্তিতে সুস্পষ্ট তারিখ ও সময় উল্লেখ থাকতে হবে। তবে আবেদন ফরম বিতরণের জন্য ন্যূনতম ৭ (সাত) কার্যদিবস সময় দিতে হবে।

(গ) আবেদন ফরমের নির্ধারিত স্থানে পরীক্ষার্থীর ২(দুই) কপি পাসপোর্ট সাইজের ছবি আঠা দিয়ে সংযুক্ত করতে হবে।

(ঘ) আবেদন ফরম জমা দেয়ার সময় ফরমের নিচের অংশ রোল নম্বর দিয়ে প্রবেশপত্র হিসেবে শিক্ষার্থীকে দেযা হবে এবং উপরের অংশ কমপক্ষে এক বছর বিদ্যালয়ে সংরক্ষণ করতে হবে।

(ঙ) ভর্তি কমিটির সিদ্ধান্তক্রমে ভর্তির আবেদন ফরম জমা, পূরণ, আবেদনের ফি গ্রহণ, ফলাফলের কাজ যেখানে সম্ভব অনলাইনে করা যাবে। ভবিষ্যতে একটি নির্ধারিত সময়ের মধ্যে প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠান তাদের ওয়েবসাইট তৈরী করবে এবং Online-এ শিক্ষার্থীদের জন্য আবেদন গ্রহণ ও ফলাফল প্রকাশ করবে।

৯. **শূন্য আসন নিরূপণ :** বার্ষিক পরীক্ষার পরপরই প্রতিষ্ঠান প্রধানগণ বিভিন্ন শ্রেণির শূন্য আসনের চূড়ান্ত সংখ্যা নির্ধারণ করবেন এবং নির্ধারিত ছক পূরণপূর্বক ভর্তি কমিটি নিকট প্রেরণ করবেন।

১০. **ভর্তির আবেদন ফরমের মূল্য ও ভর্তি ফি :** ভর্তির আবেদন ফরমের জন্য সর্বোচ্চ ১৫০/- (একশত পঞ্চাশ) টাকা গ্রহণ করা যাবে। সেশন চার্জসহ ভর্তি ফি শিক্ষা মন্ত্রণালয়ের পরিপত্র নং শিম/অডিট সেল/২৪৩/২০১১/৪৭৫ তারিখ :০৬/০৭/২০১৪ অনুযায়ী সর্বোচ্চ আদায় করা যাবে।

১১. আবেদন ফরম জমাদানের সময় শেষ হওয়ার সাথে সাথে বিদ্যালয় কর্তৃক শ্রেণিভিত্তিক বিক্রয় ও জমাকৃত আবেদন ফরমের সংখ্যা নির্ধারিত ছকে কমিটির নিকট প্রেরণ করতে হবে।

১২. **প্রশ্নপত্র প্রণয়ন :** ভর্তি কমিটি যথাসময়ে ভর্তি পরীক্ষার প্রশ্নপত্র প্রণয়নের ব্যবস্থা গ্রহণ করবে। প্রশ্নপত্র অবশ্যই মানসম্মত ও শ্রেণি উপযোগী হতে হবে। প্রশ্নপত্র প্রণয়ন ও মডারেশনের ক্ষেত্রে সর্বোচ্চ গোপনীয়তা ও নিরাপত্তা বিধান সুনিশ্চিত করতে হবে।

১৩. **পরীক্ষা গ্রহণ :** পরীক্ষার হলে সুষ্ঠু আসন বিন্যাস ও পর্যাপ্ত আলো-বাতাসের ব্যবস্থা থাকতে হবে। শান্তিপূর্ণভাবে পরীক্ষা গ্রহণের জন্য কমিটি/প্রধান শিক্ষক পরীক্ষা কেন্দ্রের পার্শ্ববর্তী এলাকায় যানজট নিরসনসহ আইন-শৃংখলা নিয়ন্ত্রণের লক্ষ্যে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের বিশেষ সহায়তা নিতে পারবেন। পরীক্ষা কমিটি পরীক্ষা শুরুর পূর্বে সরেজমিনে পরীক্ষা কেন্দ্রসমূহ পরিদর্শন করবে। যথাসম্ভব সাপ্তাহিক ছুটির দিনে পরীক্ষা গ্রহণের ব্যবস্থা করতে হবে। সম্ভব হলে একই দিনে পরীক্ষা গ্রহণ করতে হবে।

১৪. উত্তরপত্র সংগ্রহ ও মূল্যায়ন :

(ক) পরীক্ষা শেষে উত্তরপত্র রোল নম্বরের সিরিয়াল না করে শ্রেণিভিত্তিক সর্বোচ্চ ১০০টি করে বান্ডেল করতে হবে। ১০০টি করে বান্ডেল করার পর উত্তরপত্র অবশিষ্ট থাকলে তা আলাদা বান্ডেল করতে হবে। শ্রেণিভিত্তিক সবগুলো বান্ডেল সিলগালা করে বিবরণীসহ মূলকেন্দ্রে দ্রুত জমা দিতে হবে।

(খ) **কোড নম্বর প্রদান :** কমিটি উত্তরপত্রে কোড নম্বর প্রদানের ব্যবস্থা গ্রহণ করবে। কোড নম্বর প্রদান করার ক্ষেত্রে পরীক্ষা-সংশ্লিষ্ট বিদ্যালয়ের কোন শিক্ষককে দায়িত্ব দেয়া যাবে না। কোড নম্বর প্রদান শেষে কোড স্লিপ উত্তরপত্র থেকে আলাদা করে বিদ্যালয় ও শ্রেণিভিত্তিক প্যাকেট করে সিলগালা করতে হবে। সিলগালাকৃত কোড স্লিপ কমিটির হেফাজতে থাকবে যা শুধু ডিকোডিং এর সময় খোলা হবে।

(গ) কোড নম্বর প্রদান করা শেষ হলে শ্রেণিভিত্তিক প্রতি গ্রুপ পরীক্ষকের জন্য উত্তরপত্র বান্ডেল করতে হবে। উত্তরপত্র মূল্যায়নের জন্য প্রয়োজনীয় উপকরণসহ প্রশ্নপত্র ও সম্ভাব্য সমাধান প্রস্তুত রাখতে হবে।

(ঘ) প্রত্যেক ক্লাস্টারের মূল কেন্দ্রে উত্তরপত্র মূল্যায়ন করা হবে। পরীক্ষা কমিটির পরামর্শের আলোকে কেন্দ্র প্রধান বিদ্যালয় এ ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

(ঙ) এক বিদ্যালয়/ক্লাস্টারের উত্তরপত্র অন্য বিদ্যালয়/ক্লাস্টারের শিক্ষকগণ মূল্যায়ন করবেন। এ ক্ষেত্রে ক্লাস্টারের পরীক্ষার্থীর সংখ্যার ভিত্তিতে প্রয়োজনীয় সংখ্যক পরীক্ষকের তালিকা কমিটি কর্তৃক পূর্বেই প্রস্তুত করতে হবে এবং পরীক্ষকদের উপস্থিতি নিশ্চিত করতে হবে।

(চ) প্রতি গ্রুপ পরীক্ষককে টেবুলেশন শিট সরবরাহ করা হবে। গ্রুপের নিরীক্ষক কোড নম্বরের ভিত্তিতে কোন প্রকার উপরি লিখন বা ঘষামাজা না করে সতর্কতার সাথে টেবুলেশন শিট তৈরি করবেন এবং গ্রুপের অন্যান্য পরীক্ষক কর্তৃক যাচাইপূর্বক উত্তরপত্রসহ কমিটির নিকট জমা দিবে।

১৫. ফলাফল তৈরি :

(ক) উত্তরপত্র মূল্যায়ন শেষে কোড নম্বরের ভিত্তিতে বিদ্যালয়, শ্রেণি ও শিফট ভিত্তিক পরীক্ষার্থীর টেবুলেশন শিট কম্পিউটারে প্রস্তুত করতে হবে। কম্পিউটারে প্রস্তুতকৃত টেবুলেশন শিট পরীক্ষকদের টেবুলেশন শিটের সাথে যাচাই করে কোড নম্বরের ভিত্তিতে একটি পূর্ণাঙ্গ মেধা তালিকা তৈরি করতে হবে। উক্ত তালিকা থেকে শূন্য আসনের ভিত্তিতে ভর্তির জন্য নির্বাচিত ও অপেক্ষমান তালিকার কোড নম্বর চিহ্নিত করতে হবে।

(খ) কমিটি সিলগালাকৃত কোড স্লিপের প্যাকেট খুলবেন এবং ভর্তির জন্য নির্বাচিত ও অপেক্ষমান তালিকা তৈরি করার জন্য চিহ্নিত কোড নম্বর সম্বলিত কোড স্লিপগুলো বের করে আলাদা করার ব্যবস্থা করবেন। বাছাইকৃত কোড স্লিপগুলো থেকে প্রাপ্ত নম্বরের মেধাক্রমনুসারে চূড়ান্তভাবে ভর্তির জন্য নির্বাচিত ও অপেক্ষমান তালিকা তৈরি করা হবে। নির্বাচিত ও অপেক্ষমান তালিকায় কমিটির সভাপতি, সদস্য-সচিব এবং সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধান যৌথভাবে স্বাক্ষর করবেন।

(গ) শিক্ষার্থীদের মেধা তালিকা ও অপেক্ষমান তালিকা মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর/জেলা প্রশাসক/ বিদ্যালয়সমূহের ওয়েবসাইটে (যদি থাকে) একই সঙ্গে প্রকাশ করা হবে। উক্ত তালিকা প্রধান শিক্ষক/ শিক্ষিকাগণ বিদ্যালয়ে প্রকাশ করবেন এবং কমিটি কর্তৃক নির্ধারিত সময়ের মধ্যে শিক্ষা প্রতিষ্ঠান প্রধান ভর্তি কার্যক্রম সম্পন্ন করবেন। ভর্তি কমিটির অনুমোদন ব্যতিত শিক্ষা প্রতিষ্ঠান প্রধান বছরের অন্যান্য সময়েও একক সিদ্ধান্তে কোন শিক্ষার্থী ভর্তি করতে পারবেন না। এর ব্যত্যয় দন্ডনীয় অপরাধ হিসেবে গণ্য হবে।

১৬. কোড নম্বর প্রদান থেকে শুরু করে ফলাফল প্রকাশ করা পর্যন্ত ভর্তি পরীক্ষা সংক্রান্ত সকল কাগজপত্র কমিটি এক বছর পর্যন্ত সংরক্ষণ করবে।

১৭. ৬ষ্ঠ শ্রেণিতে ভর্তির ক্ষেত্রে বিদ্যালয়ের ৬ষ্ঠ শ্রেণির মোট আসনের ১০% কোটা সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ৫ম শ্রেণি উত্তীর্ণ শিক্ষার্থীদের জন্য সংরক্ষিত থাকবে।

১৮. ঢাকা/রাজশাহী/চট্টগ্রাম/খুলনা/সিলেট/রংপুর/বরিশাল হতে ঐ সকল মহানগরে পিতা/মাতার বদলিজনিত কারণে ফিরে আসা ছাত্র-ছাত্রীদের সংশ্লিষ্ট মহানগরের স্কুলে ভর্তির পূর্বস্বত্ব (লিয়েন) বজায় থাকবে।

১৯. মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা এবং পুত্র-কন্যা পাওয়া না গেলে পুত্র-কন্যার পুত্র-কন্যাদের ভর্তির জন্য ৫% কোটা সংরক্ষিত থাকবে। মুক্তিযোদ্ধা কোটা নির্ধারণের ক্ষেত্রে সংশ্লিষ্ট প্রমাণপত্রের সত্যায়িত কপি আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে এবং ভর্তির সময় মূল কপি প্রদর্শন করতে হবে। এ ক্ষেত্রে সংশ্লিষ্ট ব্যক্তির মুক্তিযোদ্ধা সনদ যথাযথভাবে যাচাই করে ভর্তি কার্যক্রম গ্রহণ করতে হবে।

২০. প্রতিবন্ধি শিক্ষার্থীদের শিক্ষার মূল ধারায় সম্পৃক্ত করার লক্ষ্যে ন্যূনতম যোগ্যতা থাকার শর্তে ভর্তির ক্ষেত্রে ২% কোটা সংরক্ষিত থাকবে। তবে এ ক্ষেত্রে প্রতিবন্ধিতার ধরণ উল্লেখ করতে হবে এবং প্রমাণস্বরূপ যথাযথ কর্তৃপক্ষের প্রত্যয়ন দাখিল করতে হবে।

২১. সরকারি কর্মকর্তা/কর্মচারীর বদলির কারণে বদলীকৃত কর্মস্থলের মাধ্যমিক ও উচ্চ শিক্ষার উপ-পরিচালক অথবা যে জেলায় উপপরিচালক নেই সেখানে জেলা শিক্ষা অফিসারের প্রত্যয়নক্রমে বদলীকৃত কর্মকর্তা/কর্মচারীর সন্তানদের ভর্তির সুযোগ থাকবে। শিক্ষা মন্ত্রণালয়ে কর্মরত কর্মকর্তা-কর্মচারীদের সন্তান এবং সরকারি মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষক/শিক্ষিকা/ কর্মচারীদের সন্তানদের ক্ষেত্রে কেবল সংশ্লিষ্ট কর্মস্থলে অবস্থিত শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তির জন্য ন্যূনতম যোগ্যতা থাকা সাপেক্ষে ২% কোটা

সংরক্ষিত থাকবে। তবে এক্ষেত্রে আবেদনপত্রের সাথে শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক অনুবিভাগের প্রত্যয়নপত্র দাখিল করতে হবে। ১ম শ্রেণিতে প্রার্থীর সংখ্যা অধিক হলে লটারির মাধ্যমে চূড়ান্ত বাছাই করতে হবে। ২য়-৯ম শ্রেণিতে প্রার্থীর সংখ্যা অধিক হলে মেধার ভিত্তিতে চূড়ান্ত বাছাই করতে হবে।

২২। কোন প্রতিষ্ঠানে আবেদনকারী শিক্ষার্থীর সহোদর/সহোদরা বা যমজ ভাই/বোন যদি পূর্ব থেকে অধ্যয়নরত থাকে তবে আসন শূন্য থাকা ও প্রয়োজনীয় যোগ্যতা সাপেক্ষে ভর্তির ক্ষেত্রে অগ্রাধিকার পাবে। তবে এ সুবিধা কোন দম্পত্তির সর্বোচ্চ ০২(দুই) সন্তানের ক্ষেত্রে প্রযোজ্য হবে। ন্যূনতম যোগ্যতা বলতে সকল ক্ষেত্রে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের ভর্তি পরীক্ষার পাশ নম্বর বুঝাবে।

২৩. শিক্ষা বোর্ডের আওতাধীন রেজিস্ট্রেশনধারী শিক্ষার্থী ভর্তি পরীক্ষায় নির্বাচিত হলে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধান প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য শিক্ষা বোর্ডকে অবহিত করবে। এ ক্ষেত্রে শিক্ষা বোর্ড নতুন ভর্তিকৃত শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন সংক্রান্ত তথ্যাদি হালনাগাদ করবে।

২৪. **ভর্তি পরীক্ষার জন্য ব্যয় নির্বাহ :**

(ক) ভর্তির আবেদন ফি বাবদ বিদ্যালয় প্রাপ্ত অর্থের ৫০% অর্থ দিয়ে বিদ্যালয়ে ভর্তি পরীক্ষা সংক্রান্ত যাবতীয় খরচ যেমন- বিজ্ঞপ্তি প্রচার, আবেদন ফরম প্রস্তুত ও উত্তরপত্র মুদ্রণ, যাতায়াত, ফরম বিতরণ, আসন বিন্যাস, পরীক্ষা গ্রহণ, আপ্যায়নসহ বিদ্যালয়ে কর্মরত সকলের সম্মানী/পারিশ্রমিক, বিবিধ খরচ ইত্যাদির জন্য ব্যয় নির্বাহ করা যাবে।

(খ) অবশিষ্ট ৫০% অর্থ ভর্তি কমিটির নিকট জমা দিতে হবে। এ অর্থ থেকে কমিটি ভর্তি সংক্রান্ত সভার খরচ, প্রশ্নপত্র প্রণয়ন, মডারেশন ও মুদ্রণ, প্রশ্নপত্র ভেন্যুতে প্রেরণ, কোড নম্বর প্রদান, উত্তরপত্র মূল্যায়নের সম্মানী ও আপ্যায়ন, ডিকোডিংসহ ফলাফল তৈরি, যাতায়াত, আপ্যায়ন, কমিটির সদস্য ও সংশ্লিষ্ট সকলের সম্মানী/পারিশ্রমিক, বিবিধ খরচ ইত্যাদির জন্য ব্যয় নির্বাহ করা যাবে।

স্বাক্ষরিত
তারিখ: ২০.১১.২০১৪
(মো.নজরুল ইসলাম খান)
সচিব

নং ৩৭.০০.০০০০.০৭১.০৯.০০১.১১-৭৮৬

তারিখ ঃ ০৬ অগ্রহায়ণ ১৪২১ বঙ্গাব্দ
২০ নভেম্বর ২০১৪ খ্রিস্টাব্দ

অনুলিপি: সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে-

১. সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. অতিরিক্ত সচিব (প্রঃ ও অর্থ/উন্নয়ন/কলেজ/বিশ্ববিদ্যালয়/কারিগরি ও মাদরাসা/), শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা
৪. মহাপরিচালক, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, মিরপুর, ঢাকা
৫. বিভাগীয় কমিশনার (সকল) ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর বিভাগ।
৬. যুগ্ম-সচিব (মাধ্যমিক/ অডিট ও আইন), শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৭. প্রধান প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা
৮. চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা/রাজশাহী/যশোর/সিলেট/বরিশাল/কুমিল্লা/চট্টগ্রাম/ দিনাজপুর
৯. চেয়ারম্যান, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা
১০. চেয়ারম্যান, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, আগারগাঁও, ঢাকা
১১. জেলা প্রশাসক (সকল) ......................................
১২. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
১৩. সচিবের একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
১৪. সিনিয়র সিস্টেম এনালিস্ট, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (তাঁকে নীতিমালাটি শিক্ষা মন্ত্রণালয়ের ওয়েবসাইটে আপলোড করার অনুরোধ করা হলো)।
১৫. সিনিয়র তথ্য কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
১৬. উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/কুমিল্লা/ময়মনসিংহ/বরিশাল/রংপুর/সিলেট অঞ্চল।
১৭. জেলা শিক্ষা অফিসার (সকল) ..................................
১৮. প্রধান শিক্ষক/প্রধান শিক্ষিকা ..................................

২০/১১/১৪
(মো. এনামুল কাদের খান)
উপসচিব
ফোন ঃ ৯৫৭৬৭৮০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

## পরিপত্র

বিষয়ঃ সরকারি ও বেসরকারি মাধ্যমিক বিদ্যালয়ে নবম শ্রেণীতে ভর্তির নির্দেশাবলি।

১. ভর্তির যোগ্যতাঃ
দেশের যে কোন মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড/বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ডের অধীনে অনুষ্ঠিত জেএসসি বা জেডিসি পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীরা দেশের মাধ্যমিক পর্যায়ের যে কোন শিক্ষা প্রতিষ্ঠানে (সাধারণ/কারিগরি/মাদ্রাসা) ৯ম শ্রেণীতে ভর্তির যোগ্য বলে বিবেচিত হবে।

২. শিক্ষার্থী নির্বাচনের অনুসরণীয় পদ্ধতিঃ
ক) "বিদ্যালয় ও উচ্চ মাধ্যমিক বিদ্যালয়" এর ক্ষেত্রে নিজস্ব প্রতিষ্ঠান হতে উত্তীর্ণ শিক্ষার্থীগণ অগ্রাধিকারভিত্তিতে ভর্তির সুযোগ পাবে।

খ) জিপিএ ৫ প্রাপ্ত পরীক্ষার্থীরা বিভাগ (বিজ্ঞান, মানবিক ও ব্যবসায় শিক্ষা) নির্বাচনে অগ্রাধিকার পাবে।

গ) ৯ম শ্রেণিতে ভর্তিচ্ছুকরা অবশ্যই জেএসসি/জেডিসি অথবা সমমানের পরীক্ষায় উর্ত্তীণ হতে হবে। তবে ইংরেজি মাধ্যম বিদ্যালয়ের সমমানের পরীক্ষায় উর্ত্তীণ সনদ পত্রটি অবশ্যই সংশ্লিষ্ট মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড হতে সমতা বিধান করাতে হবে ।

৩. নির্দেশাবলির প্রয়োগ ও কার্যকারিতাঃ
ক) দেশের সকল সরকারি ও বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে ৯ম শ্রেণীতে শিক্ষার্থী ভর্তির ক্ষেত্রে উপরের ১(খ) ও ১(গ) নির্দেশনা কেবল মাত্র এ বছরের জন্য প্রযোজ্য হবে।

খ) জেএসসি/জেডিসি পরীক্ষা-২০১৪ থেকে অনুত্তীর্ণ পরীক্ষার্থীদের ৯ম শ্রেণিতে ভর্তির সুযোগ রাখা হবে না।

গ) এ নির্দেশনার কোনরূপ ব্যত্যয় ঘটানো হলে বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের ক্ষেত্রে পাঠদানের অনুমতি বা একাডেমিক স্বীকৃতি বাতিলসহ প্রতিষ্ঠানের এমপিওভুক্তি বাতিল করা হবে এবং সরকারি প্রতিষ্ঠানের ক্ষেত্রে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধানের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে।

৪. রহিতকরণ ও সংরক্ষণঃ শিক্ষা মন্ত্রণালয়ের ০৬/০২/২০১২ তারিখের শিম/শাঃ১১/৪-১/২০১০(অংশ)/৮৩ নং স্মারকে জারিকৃত পরিপত্রটি এতদ্বারা বাতিল করা হলো।

স্বাক্ষরিত/-
(মো. নজরুল ইসলাম খান)
সচিব

নং ৩৭.০০.০০০০.০৭২.০০.০৯০.১২.৩২

তারিখ ঃ ০৬ মাঘ ১৪২১ বঙ্গাব্দ
১৯ জানুয়ারি ২০১৫

সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থেঃ
১. সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. অতিরিক্ত সচিব (প্রঃ ও অর্থ/উন্নয়ন/বিশ্ববিদ্যালয়), শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা
৪. কমিশনার (ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর)
৫. যুগ্ম-সচিব (কলেজ/মাধ্যমিক/বিশ্ববিদ্যালয়/কারিগরি ও মাদরাসা/অডিট ও আইন), শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
৬. যুগ্ম-প্রধান, পরিকল্পনা কোষ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৭. চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা/রাজশাহী/যশোর/সিলেট/বরিশাল/কুমিল্লা/চট্টগ্রাম/ দিনাজপুর
৮. চেয়ারম্যান, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা/বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, আগারগাঁও, ঢাকা
৯. চেয়ারম্যান, বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ), নায়েম ভবন, ধানমন্ডি, ঢাকা
১০. চেয়ারম্যান, জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, ঢাকা
১১. জেলা প্রশাসক (সকল) ..............................(অধিক্ষেত্রাধীন সকল উপজেলা নির্বাহী অফিসারকে যোগাযোগের অনুরোধসহ)
১২. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
১৩. সচিব মহোদয়ের একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
১৪. সিনিয়র তথ্য কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
১৫. সিস্টেম এনালিস্ট, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (শিক্ষা মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
১৬. উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (সকল অঞ্চল)....................
১৭. জেলা শিক্ষা অফিসার (সকল) ......................(অধিক্ষেত্রাধীন সকল উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারকে যোগাযোগের অনুরোধসহ)
১৮. অধ্যক্ষ/প্রধান শিক্ষক, ...............................

(গৌতম কুমার)
উপসচিব
ফোন ঃ ৯৫৫০৩৪১।

D:\Md. Abu Alom Khan\Poripottro.doc

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

## পরিপত্র

**বিষয়ঃ সরকারি ও বেসরকারি মাধ্যমিক বিদ্যালয়ে ভর্তির সংশোধিত নির্দেশাবলি।**

১. **ভর্তির যোগ্যতাঃ**
দেশের যে কোন মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড/বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ডের অধীনে অনুষ্ঠিত জেএসসি বা জেডিসি পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীরা দেশের মাধ্যমিক পর্যায়ের যে কোন শিক্ষা প্রতিষ্ঠানে (সাধারণ/কারিগরি/মাদ্রাসা) ৯ম শ্রেণীতে ভর্তির যোগ্য বলে বিবেচিত হবে।

২. **শিক্ষার্থী নির্বাচনের অনুসরণীয় পদ্ধতিঃ**
ক) "বিদ্যালয় ও উচ্চ মাধ্যমিক বিদ্যালয়" এর ক্ষেত্রে নিজস্ব প্রতিষ্ঠান হতে উত্তীর্ণ শিক্ষার্থীগণ অগ্রাধিকারভিত্তিতে ভর্তির সুযোগ পাবে।

খ) জিপিএ ৫ প্রাপ্ত পরীক্ষার্থীরা বিভাগ (বিজ্ঞান, মানবিক ও ব্যবসায় শিক্ষা) নির্বাচনে অগ্রাধিকার পাবে।

গ) ৯ম শ্রেণিতে ভর্তিচ্ছুকরা অবশ্যই জেএসসি/জেডিসি অথবা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। তবে ইংরেজি মাধ্যম বিদ্যালয়ের সমমানের পরীক্ষায় উত্তীর্ণ সনদ পত্রটি অবশ্যই সংশ্লিষ্ট মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড হতে সমতা বিধান করাতে হবে।

ঘ) ইংরেজি মাধ্যম বিদ্যালয় হতে যে সকল শিক্ষার্থী ৫ম শ্রেণি উত্তীর্ণ হয়েছে কিন্তু পিএসসি পরীক্ষায় অংশগ্রহণ করে নাই তারা সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের উত্তীর্ণের সনদপত্র/মার্কসীট যথাযথ প্রমাণ সাপেক্ষে বাংলা মাধ্যম/ইংরেজি ভার্সন/ইংলিশ মিডিয়াম শিক্ষা প্রতিষ্ঠানে ৬ষ্ঠ ও ৭ম শ্রেণিতে পাশ করার পর পরবর্তীতে জেএসসি পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

৩. **নির্দেশাবলির প্রয়োগ ও কার্যকারিতাঃ**
খ) জেএসসি/জেডিসি পরীক্ষায় অনুত্তীর্ণ পরীক্ষার্থীদের ৯ম শ্রেণিতে ভর্তির সুযোগ রাখা হবে না।

গ) এ নির্দেশনার কোনরূপ ব্যত্যয় ঘটানো হলে বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের ক্ষেত্রে পাঠদানের অনুমতি বা একাডেমিক স্বীকৃতি বাতিলসহ প্রতিষ্ঠানের এমপিওভুক্তি বাতিল করা হবে এবং সরকারি প্রতিষ্ঠানের ক্ষেত্রে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধানের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে।

৪. **রহিতকরণ ও সংরক্ষণঃ** শিক্ষা মন্ত্রণালয়ের ১৯ জানুয়ারি ২০১৫ তারিখের ৩৭.০০.০০০০.০৭২.০০.০৯০.১২.৩২ নং স্মারকে জারিকৃত পরিপত্রটি এতদ্বারা সংশোধন করা হলো।

*স্বাক্ষরিত/-*
তারিখঃ ১৩.৪.২০১৫
(মো. নজরুল ইসলাম খান)
সচিব

নং-৩৭.০০.০০০০.০৭২.০০.০৯০.১২.২০৬

তারিখ ঃ ০৩ বৈশাখ ১৪২২ বঙ্গাব্দ
১৬ এপ্রিল ২০১৫

**সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থেঃ**
১. সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. অতিরিক্ত সচিব (প্রঃ ও অর্থ/উন্নয়ন/বিশ্ববিদ্যালয়), শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা ।
৪. কমিশনার (ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর) ।
৫. যুগ্ম-সচিব (কলেজ/মাধ্যমিক/বিশ্ববিদ্যালয়/কারিগরি ও মাদরাসা/অডিট ও আইন), শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৬. যুগ্ম-প্রধান, পরিকল্পনা কোষ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭. চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা/রাজশাহী/যশোর/সিলেট/বরিশাল/কুমিল্লা/চট্টগ্রাম/ দিনাজপুর।
৮. চেয়ারম্যান, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা/বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, আগারগাঁও, ঢাকা।
৯. চেয়ারম্যান, বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ), নায়েম ভবন, ধানমন্ডি, ঢাকা।
১০. চেয়ারম্যান, জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, ঢাকা।
১১. জেলা প্রশাসক (সকল) ...............................(অধিক্ষেত্রাধীন সকল উপজেলা নির্বাহী অফিসারকে যোগাযোগের অনুরোধসহ)।
১২. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা ।
১৩. সচিব মহোদয়ের একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
১৪. সিনিয়র তথ্য কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
১৫. সিস্টেম এনালিস্ট, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (শিক্ষা মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
১৬. উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (সকল অঞ্চল)..................... ।
১৭. জেলা শিক্ষা অফিসার (সকল) .......................(অধিক্ষেত্রাধীন সকল উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারকে যোগাযোগের অনুরোধসহ)।
১৮. অধ্যক্ষ/প্রধান শিক্ষক, ................................ ।

(গৌতম কুমার)
উপসচিব
ফোন ঃ ৯৫৫০৩৪১।

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**শিক্ষা মন্ত্রণালয়**
**মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ**
**(সরকারি মাধ্যমিক-১)**

**বিষয় : মাধ্যমিক বিদ্যালয়ে শিক্ষার্থী ভর্তি নীতিমালা সংশোধন সংক্রান্ত সভার কার্যবিবরণী।**

সভাপতি : মো. সোহরাব হোসাইন, সিনিয়র সচিব।
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

সভার স্থান : কক্ষ নং-১৮১৫, ভবন নং-৬, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

সভার তারিখ ও সময় : ৩০.১০.২০১৯ সকাল : ১০:০০ মিনিট।

উপস্থিতি : পরিশিষ্ট "ক" দ্রষ্টব্য।

২.০. আলোচনার শুরুতে সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভা আরম্ভ করেন। সভাপতি বলেন, বিদ্যমান ভর্তি নীতিমালা দিয়ে শিক্ষার্থী ভর্তির ক্ষেত্রে কিছু সমস্যা পরিলক্ষিত হচ্ছে। শিক্ষার্থী ভর্তির ক্ষেত্রে বিদ্যমান সমস্যাগুলো নিরসনের লক্ষ্যে আজকের সভা। বিদ্যমান ভর্তি নীতিমালা সভায় উপস্থাপনের জন্য সভাপতি উপসচিব (সরকারি মাধ্যমিক-১)-কে আহবান করেন। উপসচিব (সরকারি মাধ্যমিক-১) সভাপতির অনুমতিক্রমে বিদ্যমান ভর্তি নীতিমালা সভায় উপস্থাপন করেন।

৩.০ পরিচালক (মাধ্যমিক), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বলেন, সরকারি কর্মকর্তা-কর্মচারীদের বদলিজনিত কারণে তাদের সন্তানের ভর্তির ক্ষেত্রে বিদ্যমান নীতিমালায় বলা আছে শূন্য আসনের অতিরিক্ত ভর্তির ক্ষেত্রে মন্ত্রণালয়ের পূর্বানুমতি নিতে হবে কিন্তু প্রতি শ্রেণিতে কতজন শিক্ষার্থী ভর্তি হতে পারবে তা বিদ্যমান নীতিমালাতে উল্লেখ নেই। এর ফলে শিক্ষার্থী ভর্তির ক্ষেত্রে সমস্যা হচ্ছে। এ সমস্যা নিরসনের লক্ষ্যে তিনি প্রতি শ্রেণিতে মোট আসনে ৫% আসন শূন্য রাখা অথবা প্রতি শ্রেণিতে মোট আসনের অতিরিক্ত ৫% ভর্তির বিধান রাখার প্রস্তাব করেন। এ ছাড়া তিনি ভর্তি পরীক্ষার ক্ষেত্রে লিখিত প্রশ্নের পরিবর্তে এম.সি.কিউ. পদ্ধতিতে পরীক্ষা নেওয়ার প্রস্তাব করেন।

৪.০ সভাপতি বলেন, ভর্তি বিজ্ঞপ্তি প্রকাশের পূর্বেই সারাদেশের সকল প্রতিষ্ঠান হতে শূন্য আসনের সংখ্যা মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর সংগ্রহ করবে। এ শূন্য আসন অনুযায়ী প্রতিষ্ঠানসমূহ শিক্ষার্থী ভর্তি করবে।

৫.০ চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা বলেন সরকারি কর্মকর্তা-কর্মচারীদের বদলিজনিত কারণে তাদের সন্তানদের ঢাকা মহানগরীতে ভর্তির ক্ষেত্রে প্রায় সবাই ভিকারুননিসা নূন স্কুল এন্ড কলেজ, মতিঝিল আইডিয়াল অথবা গভ:ল্যাবরেটরিতে ভর্তি করাতে চায়। তিনি বলেন যদি ঢাকা মহানগরীর সকল স্কুলে শিক্ষার মান বৃদ্ধিসহ সুষমভাবে ভর্তির ব্যবস্থা করা যায় তা হলে বদলিজনিত কারনে তাদের সন্তানদের ভর্তির ক্ষেত্রে বিদ্যমান সমস্যা সমাধান করা সম্ভব হবে।

৬.০ উপসচিব (সরকারি মাধ্যমিক-১) সভায় জানান যে, বিদ্যমান নীতিমালায় সরকারি কর্মকর্তা-কর্মচারীদের আন্ত:উপজেলা বদলির বিষয়ে কিছু উল্লেখ না থাকায় তাদের সন্তানদের ভর্তির ক্ষেত্রে সমস্যা হচ্ছে। এ ক্ষেত্রে জেলা প্রশাসক (পাবনা) হতে প্রাপ্ত পত্রটি উদাহরণ হিসেবে উপস্থাপন করেন।

চলমান পাতা/-২

৭.০ সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গ্রহণ করা হয়:

৭.১ ভর্তির কার্যক্রম শুরুর পূর্বেই মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর সকল প্রতিষ্ঠান হতে কোন শ্রেণিতে কতটি আসন শূন্য আছে তার তালিকা সংগ্রহ করবে। ভর্তির পর কোন প্রতিষ্ঠান তাদের পূর্বে প্রেরিত আসন সংখার চেয়ে বেশি শিক্ষার্থী ভর্তি করেছে কিনা তা যাচাই করবে। যদি কোন প্রতিষ্ঠান ভর্তির কার্যক্রম শুরুর পূর্বে প্রেরিত শূন্য আসন সংখ্যার চেয়ে বেশি শিক্ষার্থী ভর্তি করে তাহলে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের বিরুদ্ধে বিধি অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করবে;

৭.২ নীতিমালার বাইরে কোন অবস্থায়ই কোন শিক্ষার্থী ভর্তি করা যাবে না;

৭.৩ সরকারি কর্মকর্তা-কর্মচারীদের বদলিজনিত কারণে তাদের সন্তানদের ভর্তির ক্ষেত্রে বিদ্যমান মহানগরী/ জেলা/ উপজেলা ভর্তি কমিটির সিদ্ধান্ত নিয়ে ভর্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

৭.৪ বিদ্যমান নীতিমালার ২৫ নং অনুচ্ছেদে আন্ত:উপজেলা বদলির বিষয়টি সরকারী-বেসরকারি উভয় ক্ষেত্রে সংযোজন করতে হবে।

**স্বাক্ষরিত/-০৫.১১.২০১৯**
মো. সোহরাব হোসাইন
সিনিয়র সচিব

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :**

ক) অতিরিক্ত সচিব (মাধ্যমিক-১/ মাধ্যমিক-২), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
খ) মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর।
গ) চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
ঘ) পরিচালক (মাধ্যমিক) , মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
ঙ) সিনিয়র সহকারী সচিব (বেসরকারি মাধ্যমিক-২), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
চ) উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা ঢাকা/ চট্টগ্রাম/ রংপুর/ কুমিল্লা/ সিলেট/ ময়মনসিংহ/ বরিশাল/ খুলনা/ রাজশাহী অঞ্চল।
ছ) জেলা শিক্ষা অফিসার, ঢাকা।
জ) সহকারী পরিচালক (মাধ্যমিক), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
ঝ) প্রধান শিক্ষক, মতিঝিল সরকারি বালক উচ্চ বিদ্যালয়, মতিঝিল, ঢাকা/ গভ: ল্যাবরেটরি হাই স্কুল, ধানমন্ডি, ঢাকা/ আরমানিটোলা সরকারি বিদ্যালয়, বংশাল, ঢাকা/ ধানমন্ডি গভ: বয়েজ হাই স্কুল, ঢাকা/ ভিকারুননিসা নুন স্কুল এন্ড কলেজ, ঢাকা/ আইডিয়াল স্কুল এন্ড কলেজ, মতিঝিল, ঢাকা/ আদমজী ক্যান্টনম্যান্ট পাবলিক স্কুল, ঢাকা ।

চলমান পাতা/-৩

নং-৩৭.০০.০০০০.০৭১.০৯.০০১.১১-১১৩০ তারিখ : ২২ কার্তিক , ১৪২৬ বঙ্গাব্দ
০৭ নভেম্বর, ২০১৯ খ্রিস্টাব্দ

**সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

০১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। মাননীয় উপ-মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০৭.১১.২০১৯

(ড. মো: মোকছেদ আলী)
উপসচিব

*F:\RAFIQ\RAFIQ NIKOSH FILE\minutes.docx*